23

আজকের কাগজ

তারিখ ... 26 FEB 1995 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... ৬ ...

# ভাষা শিক্ষার ক্ষেত্রে বয়স কতটুকু বাধা?

যদি আপনি কোনো দ্বিতীয় ভাষা শিখতে চান তবে যৌবনের আগেই তা শেখা উত্তম। সম্প্রতি যুক্তরাষ্ট্রের আটলান্টায় প্রকাশিত একটি সমীক্ষায় এ কথা জানানো হয়। খবর এপি।

যদি আপনি ১২ বছরের পর দ্বিতীয় ভাষা শেখেন তবে বলার সময় আপনার উচ্চারণে একটি টান থেকে যাবে। কিন্তু ৮ বছরের আগে শিক্ষা নেয়া শুরু করলে মাতৃভাষার ওই টানটি থাকবে না। বিশেষজ্ঞরা তত্ত্বগতভাবে বলেন, যৌবন আরম্ভের আগে দু'বছর বয়সই আগে দু'বছর বয়সই কোনো ভাষা শেখার সর্বোত্তম সময়। এরপর আড়ষ্টতা হয়, শুদ্ধ উচ্চারণে সমস্যা দেখা দেয়। বয়স কালে নতুন ভাষা শিক্ষার সময় পুরানো এবং সহজাত উচ্চারণ রীতি নতুন উচ্চারণের সঙ্গে জড়িয়ে যায়। নিখুঁত উচ্চারণ দূরোহ হয়ে পড়ে। যেমন চীনেরা 'এল' এবং 'আর' কে গুলিয়ে ফেলে। সেজন্যে চীনা ওয়েটাররা 'ফ্রাইড রাইস'কে 'ফ্লাইড লাইস' বলে উচ্চারণ করে থাকে। এবং মজার বিষয়টি হলো ওই ভুলটিই তাদের কাছে সঠিক মনে হয় ও তারা উচ্চারণের পার্থক্যটি বুঝতে অক্ষম।

আমেরিকান এসোশিয়েশন ফর দ্য এডভান্সম্যান্ট অব সায়েন্স প্রথম এবং দ্বিতীয় ভাষার দ্বন্দ্ব নিয়ে ব্যাপক গবেষণা সমীক্ষা উপস্থাপন করেছে। মেরিল্যান্ড বিশ্ববিদ্যালয়ের গ্রেস ইয়েনি কোমশিয়ান ২শ' ২০ জন কোরিয়ান ইমি গ্র্যান্টের ওপর গবেষণা করেছেন। ওই কোরিয়ানরা শিশুকালে এবং যৌবনে ইংরেজী শিখেছে এবং গড়ে যুক্তরাষ্ট্রে ১৫ বছর ধরে বসবাস করেও তাদের উচ্চারণ টান রয়ে গেছে।

গ্রেস যে উপাত্ত পেয়েছেন তাতে দেখা যায়, ব্যঞ্জন বর্ণ নিয়ে তেমন সমস্যা দেখা দেয় না। সমস্যা হয় স্বরবর্ণকে নিয়ে। ১০ বা ১১ বছর বয়সে যারা ইংরেজী শেখে তাদের ৯০ শতাংশেরই স্বরবর্ণ উচ্চারণ ঠিক হয়। কিন্তু ১২ বা ১৩ তে যারা ইংরেজী ভাষা শেখা শুরু করে তাদের অবস্থা কিছুটা মন্দ হলেও ওই বয়সের পর যারা শেখেন তাদের অবস্থা তথৈবচ। গবেষক গ্রেস নিজেই তিনটি ভাষায় কথা বলতে পারেন। লেবাননে ১০ বছর বয়সে তিনি ইংরেজি শেখা শুরু করেন, কিন্তু তার উচ্চারণে এখনো সামান্য টান রয়ে গেছে। [illegible] টানের জন্যে গ্রেস তার ইংরেজি শিক্ষকের উচ্চারণকে দোষারোপ করেন।

পরিচালিত সমীক্ষায় দেখা যায়, মাত্র ১৫ শতাংশ কোরীয় ইংরেজী এবং তাদের মাতৃভাষায় সমানভাবে দক্ষ। গ্রেস আরো বলেন, দ্বি-ভাষী জনগণ বলার ক্ষেত্রে এক রকম দক্ষতা অর্জন করতে পারে না। গবেষণায় আরো দেখা যায়, ভাষা শিক্ষার জন্যে বিশেষ বয়স সীমা আছে।